রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**নং ০৮.০১.০০০০.০৭৩.০৩.০০৫.১৯/০৫** তারিখ : ১৪ নভেম্বর, ২০২১ খ্রিঃ

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে জাতীয় রাজস্ব বোর্ড স্বয়ংক্রিয় এবং অনলাইনভিত্তিক কর ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় বোর্ড ইতোমধ্যে দেশের সকল সিটি কর্পোরেশন এলাকায় অথবা জেলা শহরে অবস্থিত সংশ্লিষ্ট কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক নির্বাচিত বিভিন্ন পণ্য ও সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানে EFDMS এর আওতায় EFD অথবা ক্ষেত্রমতে SDC অথবা POS ব্যবহার বাধ্যতামূলক করেছে। এ সকল নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ হতে পণ্য ও সেবা সরবরাহের বিপরীতে EFDMS হতে ফরম **"মূসক-৬.৩"** চালান ইস্যু করতে হবে। চালান ইস্যুর ফলে সংশ্লিষ্ট পণ্য বা সেবা সরবরাহ বা বিক্রয় তথ্য ও প্রযোজ্য করের পরিমাণ বোর্ডের EFDMS এর তথ্য ভান্ডারে স্বয়ংক্রিয়ভাবে প্রেরিত হবে। এতে একদিকে যেমন কর আহরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠিত হবে অন্যদিকে তেমন পণ্য বা সেবার ক্রেতা কর্তৃক প্রদত্ত করের অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা মনিটরিং করা সম্ভব হবে। EFDMS হতে মুদ্রিত চালান প্রদান করা হলে এবং ক্রেতা তা বুঝে নিলে এ স্বয়ংক্রিয় পদ্ধতি সফল হবে। ফলে সরকারের রাজস্ব আদায় গতিশীল হবে। তাই ক্রেতা যাতে স্বতঃস্ফূর্তভাবে চালান গ্রহণ করতে বা বুঝে নিতে আগ্রহী হয় সেজন্য জাতীয় রাজস্ব বোর্ড EFDMS সিস্টেম হতে ইস্যুকৃত চালানের ভিত্তিতে লটারির মাধ্যমে



মূল্য : টাকা ৮.০০

চালানসমূহের গ্রাহককে আর্থিক পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

**সংক্ষিপ্ত শিরোনাম :**

(ক) এ নীতিমালা 'EFDMS হতে ইস্যুকৃত চালানের ভিত্তিতে লটারির মাধ্যমে আর্থিক পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১' নামে অভিহিত হবে।

(খ) এটি জারীর তারিখ হতে বলবৎ হবে এবং

(গ) এটি সমগ্র বাংলাদেশের জন্য প্রযোজ্য হবে।

**১. সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এই নীতিমালায়

(ক) 'আইন' অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২;

(খ) 'কমিশনারেট' অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট;

(গ) 'EFDMS' অর্থ Electronic Fiscal Device Management System;

(ঘ) 'EFD' অর্থ Electronic Fiscal Device;

(ঙ) 'SDC' অর্থ Sales Data Controller;

(চ) 'POS' অর্থ Point of Sales;

(ছ) 'চালান' অর্থ কোন পণ্য বা সেবা সরবরাহের বিপরীতে EFDMS হতে ইস্যুকৃত চালানপত্র;

(জ) 'পুরস্কার' অর্থ EFDMS হতে ইস্যুকৃত চালানের ভিত্তিতে লটারির মাধ্যমে নির্বাচিত ক্রেতা বা চালানের বাহককে প্রদেয় আর্থিক সুবিধা;

(ঞ) 'পুরস্কার প্রদানকারী কর্তৃপক্ষ' অর্থ জাতীয় রাজস্ব বোর্ড বা কমিশনারেট এর দায়িত্বপ্রাপ্ত কমিশনার।

**২. পুরস্কার প্রদান পদ্ধতি।**—পুরস্কার প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণীয় হবে:

(ক) প্রতি ইংরেজী পঞ্জিকা মাসে লটারি অনুষ্ঠিত হবে;

(খ) EFDMS হতে ইস্যুকৃত ইউনিক নম্বর সম্বলিত চালানসমূহ উক্ত লটারির কুপন হিসেবে বিবেচিত হবে;

(গ) যে মাসে লটারির ড্র অনুষ্ঠিত হবে তার পূর্ববর্তী মাসের প্রথম দিবস হতে শেষ দিবস পর্যন্ত ইস্যুকৃত মূসক চালানসমূহ লটারির জন্য বিবেচিত হবে;

(ঘ) প্রতি মাসের ৫ তারিখে কিংবা ৫ তারিখে সরকারি ছুটি হলে পরবর্তী কার্যদিবসে জাতীয় রাজস্ব বোর্ড বা বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে লটারির ড্র অনুষ্ঠিত হবে;

(ঙ) লটারির ড্র অনুষ্ঠানের পর জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট (www.nbr.gov.bd) এবং পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বিভিন্ন প্রচার মাধ্যমে বিজয়ী চালান বা কুপন নম্বর, তারিখসহ ফলাফল প্রকাশ করা হবে;

(চ) EFDMS হতে ইস্যুকৃত ও ক্রেতা বা বাহক কর্তৃক সংরক্ষিত চালানের সাথে বিজয়ী চালান নম্বর, তারিখ এর মিল থাকলে পরিশিষ্ট-১ এ নির্ধারিত 'ছক' এ আবেদনের মাধ্যমে পুরস্কার দাবী করা যাবে। উল্লেখ্য যে, লটারির পুরস্কার প্রদানের ক্ষেত্রে মূল চালান ব্যতীত পুনঃমুদ্রিত চালান (Reprint invoice) পুরস্কারের জন্য বিবেচনাযোগ্য হবে না।

(ছ) পুরস্কারের জন্য আবেদনের সাথে সংযুক্ত মূল চালানটি লটারির ফলাফল ও EFDMS হতে যাচাইয়ান্তে যথার্থতা নিরূপণ করে পুরস্কারের অর্থ প্রদান করা হবে।

৩. **পুরস্কারের পরিমাণ।**—নিম্নের টেবিলে উল্লিখিত হারে পুরস্কার প্রদান করা হবে:

| ক্রমিক নং | ক্যাটাগরী | প্রতিটির মূল্যমান (টাকা) | সংখ্যা | মোট মূল্যমান (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | প্রথম | ১,০০,০০০.০০ | ১ | ১,০০,০০০.০০ |
| ২. | দ্বিতীয় | ৫০,০০০.০০ | ১ | ৫০,০০০.০০ |
| ৩. | তৃতীয় | ২৫,০০০.০০ | ৫ | ১,২৫,০০০.০০ |
| ৪. | চতুর্থ | ১০,০০০.০০ | ৯৪ | ৯,৪০,০০০.০০ |
| | মোট | | ১০১ | ১২,১৫,০০০.০০ |

৪. **লটারি 'ড্র' কমিটি।**—EFDMS হতে ইস্যুকৃত চালানের ভিত্তিতে লটারির ড্র অনুষ্ঠান পর্যবেক্ষণ ও সার্বিক ব্যবস্থাপনা নিম্নোক্ত কমিটির মাধ্যমে পরিচালিত হবে :

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| ২. | সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৩. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর একজন মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৪. | অর্থ বিভাগ এর একজন মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৫. | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা কর্তৃক মনোনীত কমিশনারেটের একজন কমিশনার | সদস্য |
| ৬. | দ্বিতীয় সচিব, (মূসক-তথ্য প্রযুক্তি ও প্রকল্প ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব |

৫. **পুরস্কার প্রাপ্তির জন্য যোগ্য ব্যক্তি।**—বিক্রিত পণ্য বা সেবার বিপরীতে EFDMS হতে ইস্যুকৃত চালান সংশ্লিষ্ট ক্রেতা বা বাহক পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

৬. **পুরস্কারের জন্য আবেদন।**—নিম্নবর্ণিত পদ্ধতিতে পুরস্কারের জন্য আবেদন করা যাবে:

(ক) অনুচ্ছেদ ২ (চ) এ বর্ণিত ব্যক্তি পরিশিষ্ট-১ ফরমে তাঁর নিকটবর্তী বা সুবিধাজনক হয় বাংলাদেশের এমন যে কোন কমিশনারেটে পুরস্কারের জন্য আবেদন করতে পারবেন।

(খ) যে মাসে লটারির ড্র অনুষ্ঠিত হবে সে মাসের শেষ কার্যদিবসের মধ্যে পুরস্কারের জন্য আবেদন করতে হবে।

৭. **পুরস্কার মঞ্জুরি।**—পুরস্কার মঞ্জুরির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসৃত হবে:

(ক) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পুরস্কার প্রদানকারী কর্তৃপক্ষের অনুকূলে অর্থনৈতিক কোড '৩২১১১০১' এর বিপরীতে পুরস্কার খাতে অর্থ বরাদ্দ প্রদান করা হবে;

(খ) কমিশনার বরাদ্দপ্রাপ্ত লটারির পুরস্কারের অর্থ সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে অগ্রিম উত্তোলন করে কমিশনারের নামে বিদ্যমান ব্যাংক হিসাবে জমা রাখবেন;

(গ) পুরস্কারের জন্য আবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট পুরস্কার প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনের সাথে সংযুক্ত মূল চালানটি লটারির ফলাফল ও EFDMS হতে যাচাই করত: যথার্থতা নিরূপণ করবেন;

(ঘ) পুরস্কার প্রদানকারী কর্তৃপক্ষ (কমিশনার) আবেদনের বৈধতা যাচাইপূর্বক নীতিমালা ও ফলাফলের ভিত্তিতে প্রতিটি পুরস্কারের বিপরীতে তাৎক্ষণিকভাবে মঞ্জুরি আদেশ জারি করবেন এবং পুরস্কার প্রাপ্ত ব্যক্তিদের অনুকূলে পৃথক পৃথক বাহক চেক (Bearer Cheque) ইস্যু করবেন;

(ঙ) পুরস্কারের অর্থ হতে ভ্যাট বা অগ্রিম আয়কর কর্তন করা যাবে না;

(চ) প্রত্যেক কমিশনার মাস ভিত্তিক "লটারি পুরস্কারের অর্থ লেনদেন" বিষয়ক তথ্যাদি **পরিশিষ্ট-২** 'ছক' মোতাবেক একটি রেজিস্টারে সংরক্ষণ করবেন;

(ছ) যে কমিশনারেট হতে পুরস্কার প্রদান করা হবে উক্ত দপ্তরে নিরীক্ষার উদ্দেশ্যে পুরস্কারের ফলাফলের বিজ্ঞপ্তি, আবেদন, সংশ্লিষ্ট চালান (ফরম মূসক-৬.৩) এর ফটোকপি ইত্যাদি বছরভিত্তিক সংরক্ষণ করতে হবে;

৮. **পুরস্কারের অর্থ প্রদান।**—অনুচ্ছেদ-৩ এ উল্লিখিত পুরস্কার নিম্নরূপভাবে বিতরণ করা হবে:

(ক) লটারি বিজয়ী যে কমিশনারেটে পুরস্কারের জন্য আবেদন করবেন সে দপ্তরের পুরস্কার প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুচ্ছেদ-৮ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক তাৎক্ষণিকভাবে পুরস্কারের অর্থ প্রদান করা হবে;

(খ) পুরস্কারের সকল অর্থ বাহক চেকের মাধ্যমে প্রদান করা হবে।

৯. **ক্ষমতা সংরক্ষণ।**—লটারি পুরস্কারের জন্য প্রাপ্ত যে কোন আবেদন প্রত্যাখান, অনুমোদন এবং প্রদত্ত অনুমোদন বাতিল করার অধিকার পুরস্কার প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

১০. মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ নীতিমালা জারি করা হলো।

১১. এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং ০৬ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখে জারিকৃত নীতিমালা নং ০৮.০১.০০০০.০৭৩.০৩.০০৫.১৯/০১ এতদ্বারা বাতিল করা হলো।

**পরিশিষ্ট-১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।**

১. আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর :

২. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) :

৩. চালান নম্বর, ইস্যুর তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর :

**পরিশিষ্ট-২**

**কমিশনারেটের নাম :**
**লটারি পুরস্কারের অর্থ লেনদেন রেজিস্টার**
**মাসের নাম :**

| **বরাদ্দপ্রাপ্ত অর্থ** | **অগ্রিম উত্তোলিত অর্থ** | **পুরস্কার বাবদ প্রদত্ত অর্থ** | | | | **অবশিষ্ট অর্থ** |
|---|---|---|---|---|---|---|
| | | আবেদনকারীর নাম, ঠিকানা ও মোবাইল নং | প্রদত্ত অর্থ | চেক নং ও তারিখ | মোট প্রদত্ত অর্থ | |
| | | | | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**

চেয়ারম্যান।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd